গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
নড়িয়া, শরীয়তপুর।
www.dss.naria.shariatpur.gov.bd

## উপজেলা ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কমিটির ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি: : জনাব মোঃ আব্দুল কাইয়ুম খান
উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ নড়িয়া, শরীয়তপুর।
সভার তারিখ ও সময় : ০৬/০১/২০২৬ খ্রি:, সকাল ১১.৪৫ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের স্বাক্ষরিত তালিকা পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ।

আলোচ্যসূচী:-
১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত আলোচনা।
৩। ভিক্ষুকদের উপকরণ ক্রয় সংক্রান্ত উপকমিটি গঠন

সভার শুরুতেই উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিবকে সভার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সদস্য সচিব সভার আলোচ্যসূচী সভায় পাঠ করে শুনান।

আলোচ্য বিষয়-০১: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে:

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যক্রমের উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয়ঃ-০২: ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর উপকারভোগী নির্বাচন ও অনুমোদন সংক্রান্ত আলোচানা:

উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিবকে সভায় জানান যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ভিক্ষাবৃত্তিতে নিযুক্ত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর আওতায় জেলা সমাজকল্যাণ কমিটির মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে নড়িয়া উপজেলায় ৫৯,৮৭৬/-(উনষাট হাজার আটশত ছিয়াত্তর) টাকা+২১,০০০/-এবং উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে ৪২,০০০/- টাকাসহ সর্বমোট (৫৯,৮৭৬+২১,০০০+৪২,০০০)= ১,২২,৮৭৬/- (এক বাইশ হাজার আটশত ছিয়াত্তর) টাকা বরাদ্দ পাওয়া যায়, যা সোনালী ব্যাংক নড়িয়া শাখার হিসাব নং-২১১৩৯০২০০০৫৪৩ ও ২১১৩৯৩৪০১৯১৭১ (উপজেলা সমাজকল্যাণ কমিটি) এ জমা আছে। উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্যামনগরে কর্মরত ফিল্ড সুপারভাইজারের নিবিড় তত্ত্বাবধানে দায়িত্বরত ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের মাধ্যমে পুনর্বাসিত হতে আগ্রহী ভিক্ষুকদের তালিকা সংগ্রহ করা হয়।

**সিদ্ধান্ত:** উক্ত বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে নড়িয়া উপজেলার মোট ০২ (দুই) জন ভিক্ষুককে পুনর্বাসন করার জন্য সুপারিশ করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্ত ১,২২,৮৭৬/- (এক বাইশ হাজার আটশত ছিয়াত্তর) ও পূর্বে ব্যাংকে জমাকৃত টাকা থেকে ১২৪ (একশত চব্বিশ) টাকাসহ সর্বমোট= ১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা উপজেলা ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কমিটির সিদ্ধান্তক্রমে নিম্নলিখিত ০২ (দুই) জন ভিক্ষুকের চাহিদা অনুয়ায়ী বিভিন্ন উপকরণ প্রদান করে পুনর্বাসনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।



CamScanner

উপজেলাঃ নড়িয়া জেলাঃ শরীয়তপুর।

| ক্র. নং | পুর্নবাসিত ভিক্ষুকের নাম | পিতা/মাতার নাম ও ঠিকানা | এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বর | মোবাইল নম্বর (যদি থাকে) | নগদ অর্থ | উপকরণ (টাকা) | মোট অনুদান | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | মন্তব্য |
| ০১ | রানী বেগম | পিতা: মিজানুর রহমান মাতা: ফিরোজা মোক্তারেরচর, নড়িয়া, শরীয়তপুর। | ৬৮৬৫২৯১৬৮৩ | ০১৩২৪-৯৩৯৬৪৯ | ১০০০ | ৬০,৫০০/- (ষাট হাজার পাঁচশত টাকার সমমূল্যের একটি মুদি দোকান) | ৬১,৫০০/- | |
| ০২ | আছিয়া বেগম | পিতা: কালু মাদবর মাতা: ইয়ারন গ্রামঃ মূলপাড়া, নড়িয়া, শরীয়তপুর। | ৮৬৬৫৩২০২৪১ | ০১৩২৩৩৮২৮৭৪ | ১০০০ | ৬০,৫০০/- (ষাট হাজার পাঁচশত টাকার একটি ব্যাটারি চালিত ভ্যান গাড়ি) | ৬১,৫০০/- | নাতি ইব্রাহিম ব্যাটারি চালিত ভ্যান চাল্যবেন |

**মোট= ১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা**

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

<u>আলোচ্য বিষয়ঃ-০৩: ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর উপকারভোগীদের জন্য উপকরণ ক্রয় সংক্রান্ত উপকমিটি গঠন:</u>

ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর উপকারভোগীদের উপকরণ ক্রয়ের নিমিত্ত সভার সকলের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত উপকমিটি গঠন করা হলো;

| ক্রমিক | অফিসারের নাম | পদবী |
|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার | আহবায়ক |
| ০২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য |
| ০৩ | উপজেলা সমবায় অফিসার | সদস্য |

উক্ত উপকমিটি বাজারমূল্যের সাথে সামঞ্জস্য রেখে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর আওতায় উপকারভোগীদের জন্য উপকরণ ক্রয় করবেন।

বাস্তবায়নে: উপজেলা সমাজসেবা অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়িয়া, শরীয়তপুর।
উপজেলা সমবায় অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

০৮.০৩.২৫

(মোঃ আব্দুল কাইয়ুম খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কমিটি
নড়িয়া, শরীয়তপুর।



CamScanner

স্মারক নম্বর: ৪১.০১.৮৬৬৫.০০০.১৬.০৬৪.২৫. ৭০ তারিখ: ০৬/০১/২০২৬ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (যুগ্ম সচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, শরীয়তপুর।

৩। প্রশাসক, উপজেলা পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর।

৫। উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

৬। উপজেলা ...................... অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

৭। চেয়ারম্যান,...................................... ইউনিয়ন পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।

৮। জনাব.......................................................

৯। অফিস নথি।

০৬/০১/২০২৬

(আরিফুজ্জামান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কমিটি
নড়িয়া, শরীয়তপুর।
ফোন: +৮৮০২৪৭৮৮১৬১২৬
ই-মেইল: usso.naria@dss.gov.bd

CamScanner